

# শাফিন রাশেদ এর ৩টি নীলপদ্য

## কালোর কাব্য

আলো নয়, কালোতে আমরা স্বরূপে ফিরি  
নিজেদের বুঝতে আঁধার কখনো তাই জরুরী।

দিনের আলোতে দেখা হয় সাত রঙ  
মুখোশের মানুষ, জীবনের অতিবাস  
আড়ালের আসল, থেকে যায় অপাঠ্য  
অন্ধকার যখন নেমে আসে  
আরো কতকিছু সাথে থাকে -  
থাকে নিশাচর-সরিসৃপ, বহুরূপী মানুষ  
থাকে বর্ণাঙ্ক-ধর্মান্ধ, পশ্চাতমুখী ফানুস,  
নিজেদের বুঝতে আঁধার কখনো তাই জরুরী।

গ্রহনের এই কালে, পরস্পরকে চিনে নিতে  
দৃষ্টি বিস্তৃত হোক, স্বপ্ন সংহত হোক  
আগামীর সংগীতে। দ্রোহের দৃষ্টি জ্বলুক  
দিনের পাশাপাশি, রাতের বেদীতে। কারণ  
আলো নয়, কালোতে আমরা স্বরূপে ফিরি।

## একা

মানুষ যখন একা, নীলের আকাশ তাকে ডাকে  
আকাশ যখন একা হয়, নীলের চাদর তাকে ঢাকে।

## ভুল ফুল

মানুষ কদাচিৎ ভালবাসে সঠিক মানুষ  
শুদ্ধ মানুষের ঋদ্ধ পথ রঙহীন  
রঙের বাড়ই চাই তুষার চাদরে  
আনন্দ জিরায় তাই, ভুলের আপেলে।

মানুষ দৈবাৎ ভালবাসে শুদ্ধ মানুষ  
সবুজ বিস্তৃতি দেখে নীলের ফানুস  
অসুস্থতার আগে বৈচিত্র্যের ভুলজলে  
কাটায় মানুষ তবে, কিছুটা জীবন।

ভুল ভুল ভুল,  
ভুলের নিরন্তরে ফোটাতে চাই  
কয়েকটি ফুল।